



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/10/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট থেকে ফ্লোরিডায় COVID-19 এর ওষুধ রেমডেসিভির পাঠানোর ঘোষণা দিয়েছেন

280 জন COVID-19 রোগীর জন্য ফ্লোরিডা কেয়ারে সাহায্য করার আগামীকাল ওষুধ সরবরাহ করা হবে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট COVID-19 ওষুধ রেমডেসিভিরকে ফ্লোরিডায় পাঠাবে যেখানে স্টেট পুনরায় সেড়ে ওঠার ক্ষেত্রে সংগ্রাম করছে। ফ্লোরিডা ফেডারেল সরকারের কাছ থেকে আরো সরবরাহের জন্য অপেক্ষা করছে এবং ফেডারেল শিপমেন্ট না আসা পর্যন্ত 280 জন COVID-19 রোগীর স্টেট থেকে যন্ত্র নিতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক যথেষ্ট রেমডেসিভির প্রদান করবে। নিউ ইয়র্কের ওষুধের শিপমেন্ট আগামীকাল ফ্লোরিডায় আসবে।

"যখন নিউ ইয়র্কে COVID শীর্ষে অবস্থান করছিল এবং সম্পদ দুঃপ্রাপ্য ছিল, তখন আমাদের প্রয়োজনের সময়ে সরবরাহ এবং চিকিৎসা কর্মী সরবরাহের জন্য এগিয়ে আসা সারা দেশের স্টেটগুলির উদারতায় আমরা অবিশ্বাস্যভাবে আক্লত হয়েছিলাম," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কের জনগণের কঠোর পরিশ্রম এবং আত্মত্যাগের জন্য ধন্যবাদ - এবং সেই সব স্টেটের সাহায্যের জন্য - আমরা নিচের দিকে ঝুঁকেছি। মাস্ক পরা এবং সামাজিক দূরত্ব অব্যাহত রাখার সাথে সাথে, একটি পর্যায়ক্রমে, ডাটা চালিত পুনরায় খোলার সাথে সাথে, নিউ ইয়র্কের সংখ্যা কম এবং স্থিতিশীল রয়ে গেছে। আমি সেই সময় বলেছিলাম যে যদি অন্যান্য স্টেটের সহায়তার প্রয়োজন হয় তাহলে আমরা তা ফিরিয়ে দেব। আজ, সকল নিউ ইয়র্কবাসীদের পক্ষ থেকে, আমরা ফ্লোরিডার রোগীদের যন্ত্র নেওয়ার জন্য রেমডেসিভির প্রয়োগ করব যেহেতু এটি ফেডারেল সরকারের কাছ থেকে আরো সরবরাহের জন্য অপেক্ষা করছে। আমাদের জাতি যখন COVID-19 এর সাথে লড়াই করছে তখন আমরা আমাদের সহকর্মী আমেরিকানদের প্রতিটি পদক্ষেপে পাশে থাকব।"

নিউ ইয়র্ক স্টেট যা সরবরাহ করছে তা দিয়ে ফ্লোরিডা আগামীকালের মধ্যে রোগীদের যন্ত্র নিতে পারবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্বাহিব করুন](#)